মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট
বিদ্যালয় শাখা
www.sylhetboard.gov.bd

জরুরি
সীমিত

স্মারক নম্বর: ৩৭.১৪.৯১০০.৪০০.৬২.১৫৫.২২.১৪৪০

তারিখ: ১৮ পৌষ ১৪২৯
০২ জানুয়ারি ২০২৩

বিষয়: **স্বীকৃতির মেয়াদ নবায়ন প্রসঙ্গে।**

সূত্র: তাঁর ০১/১১/২০২২ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তাঁর প্রতিষ্ঠানের মানবিক,বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার স্বীকৃতি নবায়নের মেয়াদ ০১/০১/২০২৩ খ্রি. হতে ৩১/১২/২০২৫ খ্রি.পর্যন্ত মোট ০৩ (তিন) বছরের জন্য নিম্ন বর্ণিত শর্তে নবায়ন করা হলো।

শর্তাবলী

১. এস.এস.সি পরীক্ষার সংখ্যাগত ও ফলাফলের গুণগতমান বৃদ্ধির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;
২.আইসিটিভিত্তিক শিক্ষা বাস্তবায়নে মাল্টিমিডিয়া ক্লাশরুম পরিচালনা ও তত্ত্বাবধানের ব্যবস্থা করতে হবে;
৩.সহপাঠ্যক্রমিক কার্যক্রম:যেমন-খেলাধুলা,শরীরচর্চা, স্কাউটিং ও বিতর্ক অনুষ্ঠানসহ দেশীয় সংস্কৃতির চর্চা চালু রাখতে হবে;
৪.ত্রৈমাসিক আভ্যন্তরীণ অডিট কার্যক্রম চালু রাখতে হবে এবং কমিটি কর্তৃক অনুমোদন করত: অডিট প্রতিবেদন বোর্ডে প্রেরণ করতে হবে;
৫. শিক্ষার্থীদের দেশপ্রেম ও মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধকরণের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;
৬.গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি বিধিমালা ২০০৯-যথাযথভাবে অনুসরণ করতে হবে;
৭.প্রতি দুই মাস অন্তর শিক্ষক/ শিক্ষিকাদের নিয়ে একাডেমিক সভার ব্যবস্থা করতে হবে;
৮.সকল বে-সরকারি আয় ব্যাংকে জমা করতে হবে এবং ব্যাংক হতে উত্তোলনপূর্বক খরচ করতে হবে;
৯.জঙ্গিবাদ ও মাদকের কুফল সম্পর্কে শিক্ষার্থীদের সচেতন করতে হবে;
১০.প্রতিষ্ঠানের চারপাশে বনজ, ফলজ ও ঔষধি বৃক্ষ রোপন করত: পরিচর্যার ব্যবস্থা গ্রহণ করতে হবে;

স্বীকৃতির মেয়াদ উত্তীর্ণের ০৩ (তিন) মাস পুর্বে যথা নিয়মে নবায়নের জন্য আবেদন করতে হবে। আরোপিত শর্তসমূহ পরিপুরণ জনিত পরিদর্শন প্রতিবেদন পাওয়ার পর পরবর্তী মেয়াদের জন্য স্বীকৃতি নবায়নের বিষয়টি বিবেচনা করা হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২-১-২০২৩
মো: মঈনুল ইসলাম
বিদ্যালয় পরিদর্শক

প্রধান শিক্ষক
হাজী মোহাম্মদ রাজা চৌধুরী উচ্চ বিদ্যালয়, দক্ষিণ সুরমা,
সিলেট।

স্মারক নম্বর: ৩৭.১৪.৯১০০.৪০০.৬২.১৫৫.২২.১৪৪০/১

তারিখ: ১৮ পৌষ ১৪২৯
০২ জানুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: